# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৫২

৭. শিকার অধ্যায় (كتاب الصيد)

পরিচ্ছেদঃ ৭. খরগোশের গোশত খাওয়া সম্পর্কে

بَاب فِي أَكْلِ الْأَرْنَبِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا دَاوُدُ بْنُ أَبِي هِنْدٍ عَنْ عَامِرٍ عَنْ مُحَمَّدِ بْنِ صَفْوَانَ أَنَّهُ مَرَّ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِأَرْنَبَيْنِ مُعَلِّقُهُمَا فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنِّي دَخَلْتُ غَنَمَ أَهْلِي فَاصْطَدْتُ هَذَيْنِ الْأَرْنَبَيْنِ فَلَمْ أَجِدْ حَدِيدَةً أُذَكِّيهِمَا بِهَا فَذَكَّيْتُهُمَا بِمَرْوَةٍ أَفَآكُلُ قَالَ نَعَمْ

বাংলা

২০৫২. মুহাম্মদ ইবনু সাফওয়ান রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি দুটি খরগোশকে ঝুলিয়ে নিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে সাক্ষাৎ করেন। এরপর তিনি বললেন, ইয়া রাসূলুল্লাহ্! আমি আমার পরিবারের ছাগলের নিকট যাওয়ার সময় এ খরগোশ দু’টি শিকার করি, অতঃপর সে দু’টি কে যবেহ করার মতো ছুরি জাতীয় কোনো কিছু না পাওয়ায় আমি সে দু’টিকে পাতলা সাদা পাথর দ্বারা যবাহ করি। আমি কি এ দু’টি খাবো? তখন তিনি বললেন: “হাঁ।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫৮৮৭ ও মাওয়ারিদুয যাম’আন নং ১০৬৯ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82335

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন